95

ভোরের কাগজ

তারিখ ... FEB 14 1999 ... ...
পৃষ্ঠা ৮২ কলাম ৬......

# চট্টগ্রামে একুশ মেলা শুরু হচ্ছে আজ

চট্টগ্রাম অফিস : লেখক পাঠক প্রকাশকদের মধ্যে সেতুবন্ধন গড়ে তোলার লক্ষ্য নিয়ে আজ থেকে নগরীতে শুরু হচ্ছে ১৫ দিনব্যাপী একুশ মেলা। মুসলিম হল ও শহীদ মিনার চত্বরে আয়োজিত মেলা বিকাল ৩টায় উদ্বোধন করবেন সিটি মেয়র আলহাজ এ বি এম মহিউদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ও সাবেক প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান।

মহান ভাষা আন্দোলনের স্মৃতিবিজড়িত এ মেলায় বইমেলা ছাড়াও একুশ মঞ্চে প্রতিদিন বসন্ত উৎসব, রবীন্দ্র উৎসব, নজরুল উৎসব, ছড়া উৎসব, কবিতা উৎসব, লোক উৎসব, সম্প্রীতি উৎসব, আবৃত্তি উৎসব, শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিরায়ত বাংলা গান, উদ্দীপনামূলক গান, পাহাড়ি-বাঙালি সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হবে। এ ছাড়া বিভিন্ন দিনে আলোচনায় অংশ নেবেন প্রবীণ সাংবাদিক সন্তোষ গুপ্ত, বিচারপতি কে এম সোবহান, ব্যারিস্টার আমির-উল-ইসলাম, ঔপন্যাসিক হুমায়ূন আহমেদ, শামসুজ্জামান কান, রোকনুজ্জামান খান, সুকুমার বড়ুয়া, রশীদ হায়দার, ড. মুস্তাফা নূরউল ইসলাম, কবি ও নাট্যকার সৈয়দ শামসুল হক, আবু হাসান শাহরিয়ার প্রমুখ।

ঢাকার শিশু একাডেমী, জাতীয় গ্রন্থ কেন্দ্র, সাহিত্য প্রকাশসহ উল্লেখযোগ্য প্রকাশনা ও বিক্রয় প্রতিষ্ঠান এবারের মেলায় অংশ নিচ্ছে। মেলায় বইয়ের স্টল থাকবে ৪০টি। সিটি মেয়র মেলার প্রধান পৃষ্ঠপোষক এবং জেলা প্রশাসক মোহাম্মদ হাসান প্রধান উপদেষ্টা।